# শ্যামনগর উপজেলা পরিষদের ৩য় মাসিক সভার কার্যবিবরণী জুন’২০১৯

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

সভার সভাপতি ঃ জনাব এস.এম.আতাউল হক চেয়ারম্যান
উপজেলা পরিষদ,শ্যামনগর, সাতক্ষীরা।

তারিখ ও সময় ঃ ১৯.০৬.২০১৯ খ্রিঃ, সকাল- ১০.৩০ মিনিট।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা-পরিশিষ্ট-‘‘ক’’ দ্রষ্টব্যঃ**

| ক্রঃ নং | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী দৃঢ়করন | সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং উহা অনুমোদনের জন্য সভায় মতামত আহবান করেন। | সকল আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক কার্য বিবরণী প্রস্তুত হওয়ায় গত সভার কার্যবিবরনী সর্বসম্মতভাবে দৃঢ়করন হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ০২ | উপজেলা পরিষদের ১৭টি কমিটি গঠন | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদের আইন অনুযায়ী উপজেলা পরিষদ গঠিত হওয়ার পর উপজেলা পরিষদের ১৭টি কমিটি আছে, সে সকল কমিটি গঠন করার নির্দেশনা আছে। তিনি সভায় কমিটিগুলোর নাম উপস্থাপন করেন এবং কমিটি গঠনের জন্য সভায় মতামত প্রদান করেন। | | |

**সিদ্ধান্ত** ঃ সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের ম্যানুয়াল অনুযায়ী যথাযথ আইন অনুসরন পূর্বক অদ্য উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত সকল সদস্যর সম্মতিক্রমে নিম্নবর্নিতভাবে উপজেলা পরিষদের ১৭টি কমিটি গঠন করা হয়। অদ্য সভায় গঠিত কমিটির মেয়াদ ২বছর ৬মাস পর্যন্ত থাকিবে।

**উপজেলা পরিষদের ১৭টি কমিটি গঠন এবং অনুমোদন**

| ক্রঃ নং | কমিটির নাম | সংশ্লিষ্ট কমিটির সভাপতি | সংশ্লিষ্ট কমিটির সদস্যসচিব | সংশ্লিষ্ট কমিটির সদস্য (ইউ,পি চেয়ারম্যান) | সভা অনুষ্ঠিত হওয়ার সময়সূচী |
|---|---|---|---|---|---|
| ১. | আইন শৃংখলা | ভাইস চেয়ারম্যান | অফিসার ইনচার্য/ উপজেলা আনসার ও ভিডিপি অফিসার | নূরনগর, কৈখালী, শ্যামনগর সদর | মাসের দ্বিতীয় বুধবার সুবিধামত সময় |
| ২. | যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন | ভাইস চেয়ারম্যান (মহিলা) | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), প্রকৌশলী (জনস্বাস্থ্য অধিদপ্তর) ও পিআইও | নূরনগর, ঈশ্বরীপুর, রমজাননগর | মাসের দ্বিতীয় বুধবার সুবিধামত সময় |
| ৩. | কৃষি ও সেচ | ভাইস চেয়ারম্যান | উপজেলা কৃষি অফিসার | আটুলিয়া, মুন্সীগঞ্জ, ভুরুলিয়া | মাসের দ্বিতীয় বুধবার সুবিধামত সময় |
| ৪. | মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা | ভাইস চেয়ারম্যান | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | গাবুরা, কৈখালী, পদ্মপুকুর | মাসের দ্বিতীয় বুধবার সুবিধামত সময় |
| ৫. | প্রাথমিক ও গণশিক্ষা | ভাইস চেয়ারম্যান (মহিলা) | উপজেলা শিক্ষা অফিসার | ঈশ্বরীপুর, রমজাননগর, মুন্সীগঞ্জ | মাসের দ্বিতীয় বুধবার সুবিধামত সময় |
| ৬. | স্বাস্থ্য ও পরিবার কল্যান | ভাইস চেয়ারম্যান | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কল্যান অফিসার/ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার | শ্যামনগর, কাশিমাড়ী, বুড়িগোয়ালিনী, ঈশ্বরীপুর, নূরনগর | মাসের দ্বিতীয় বুধবার সুবিধামত সময় |
| ৭. | যুব ও ক্রীড়া উন্নয়ন | ভাইস চেয়ারম্যান (মহিলা) | উপজেরা যুব উন্নয়ন অফিসার | বুড়িগোয়ালিনী, আটুলিয়া, ভুরুলিয়া | মাসের দ্বিতীয় বুধবার সুবিধামত সময় |
| ৮. | **মহিলা ও শিশু উন্নয়ন** | ভাইস চেয়ারম্যান (মহিলা) | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা** | **গাবুরা, মুন্সীগঞ্জ, পদ্মপুকুর** | মাসের দ্বিতীয় বুধবার সুবিধামত সময় |
| ৯. | সমাজকল্যান | ভাইস চেয়ারম্যান | উপজেলা সমাজসেবা অফিসার | রমজাননগর, নূরনগর, ভুরুলিয়া | মাসের দ্বিতীয় বুধবার সুবিধামত সময় |
| ১০. | মুক্তিযোদ্ধা | ভাইস চেয়ারম্যান | উপজেলা সমাজসেবা অফিসার | কাশিমাড়ী, আটুলিয়া, বুড়িগোয়ালিনী | মাসের দ্বিতীয় বুধবার সুবিধামত সময় |
| ১১. | মৎস্য ও প্রাণীসম্পদ | ভাইস চেয়ারম্যান (মহিলা) | উপজেলা সিনিয়র মৎস্য অফিসার/ উপজেলা প্রাণী সম্পদ অফিসার | গাবুরা, মুন্সীগঞ্জ, পদ্মপুকুর | মাসের দ্বিতীয় বুধবার সুবিধামত সময় |
| ১২. | পল্লী উন্নয়ন ও সমবায় | ভাইস চেয়ারম্যান | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার/ উপজেলা সমবায় অফিসার | কাশিমাড়ী, শ্যামনগর, কৈখালী | মাসের দ্বিতীয় বুধবার সুবিধামত সময় |
| ১৩. | সংস্কৃতি | ভাইস চেয়ারম্যান | উপজেলা সমাজসেবা অফিসার | বুড়িগোয়ালিনী, কৈখালী, গাবুরা | মাসের দ্বিতীয় বুধবার সুবিধামত সময় |
| ১৪. | পরিবেশ ও বন | ভাইস চেয়ারম্যান (মহিলা) | সহকারী বন সংরক্ষক | ভুরুলিয়া, আটুলিয়া, শ্যামনগর | মাসের দ্বিতীয় বুধবার সুবিধামত সময় |
| ১৫. | বাজার মূল্য পর্যবেক্ষন, মনিটরিং ও নিয়ন্ত্রন | ভাইস চেয়ারম্যান | উপজেলা নির্বাহী অফিসার | পদ্মপুকুর, বুড়িগোয়ালিনী, কাশিমাড়ী | মাসের দ্বিতীয় বুধবার সুবিধামত সময় |
| ১৬. | অর্থ, বাজেট, পরিকল্পনাও স্থানীয় সম্পদ আহরণ। | ভাইস চেয়ারম্যান (মহিলা) | উপজেলা নির্বাহী অফিসার | শ্যামনগর, বুড়িগোয়ালিনী, পদ্মপুকুর | মাসের দ্বিতীয় বুধবার সুবিধামত সময় |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ১৭. ; জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ। ; ভাইস চেয়ারম্যান (মহিলা) ; উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী ; নূরনগর, রমজাননগর, ঈশ্বরীপুর ; মাসের দ্বিতীয় বুধবার সুবিধামত সময় | | |
| ০৩ | নতুন আইন, বিধি, পরিপত্র, নির্দেশিকা সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, চলতি মাসে উপজেলা পরিষদ সংক্রান্ত কোন নতুন নির্দেশনা , আইন, পরিপত্র পাওয়া যায়নি। | | উপজেলা নির্বাহী অফিসার |
| ০৪ | মাননীয় উপদেষ্টার উপদেশ পর্যালোচনা | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, সরকারী পরিপত্র এবং বিধি অনুসরন করে উপজেলা পরিষদের যাবতীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় নির্দেশনা প্রদান করেছেন। | মাননীয় সংসদ সদস্য মহোদয়ের উপদেশ সকল দপ্তরকে যথাযথভাবে পালনের জন্য সকল দপ্তর প্রধানকে অনুরোধ করা হয়। | সংশিষ্ট দপ্তর প্রধান। |
| ০৫ | আয়, ব্যয় (রাজস্ব-উন্নয়ন) | ১। সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে নিম্নোক্ত কাজ সম্পন্ন হয়েছে-<br>১. ২০১৮-১৯ অর্থ বছরে উপজেলা পরিষদের বকেয়া বিদ্যুৎ বিল- ২,৮৯,৯০৪/- টাকা।<br>২. বাংলা ১৪২৬ সনের উপজেলা পরিষদের ভূমি উন্নয়ন কর- ১৯২৬০/- টাকা।<br>৩. উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে পানির লাইন মেরামত-২৩২৫০/- টাকা।<br>৪. উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে পানির ট্যাংকি,পাইপ ক্রয় ও মজুরী বাবদ- ৮৬৫০/- টাকা।<br>৫. জানুয়ারী-জুন'১৯ পর্যন্ত উপজেলা পরিষদের ইন্টারনেট বিল ১২,০০০/- টাকা<br>**সিদ্ধান্ত ঃ** সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উক্ত ব্যয় নির্বাহের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | | |
| | | ২। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০১৮-১৯ অর্থ বছরে উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) ৪ কিস্তিতে মোট ১,০২,৮,০০০/- টাকার বরাদ্দ পাওয়া যায় এবং অতিরিক্ত ৭,৭৫,০০০/- টাকার বরাদ্দ পাওয়া যায়। বিধি মোতাবেক সকল প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে মর্মে তিনি সভাকে জানান। | | |
| ০৬ | উপজেলা পরিষদের বাসাবাড়ীর, বিভিন্ন অফিসের ভাড়া আদায় এবং রাজস্ব তহবিলে জমা প্রদান সংক্রান্ত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে বিভিন্ন সরকারী আবাসিক বাসভবন, ডরমেটরি আছে, যেগুলি থেকে প্রাপ্ত আয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে জমা হওয়ার বিধান আছে। এসকল আবাসিক বাসভবন, ডরমেটরি এবং বিভিন্ন অফিসের ভাড়া ঠিকমত আদায় হচেছ কিনা এবং আদায়কৃত ভাড়া ঠিকমত উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে জমা হচেছ কিনা এবিষয়ে একটি প্রতিবেদন প্রদানের জন্য একটি কমিটি গঠনের প্রস্তাব করেন।<br>**সিদ্ধান্ত ঃ** সভায় এবিষয় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপস্থিত সকল সদস্যের সম্মতিক্রমে আগামী ০১ (এক) মাসের মধ্যে একটি প্রতিবেদন প্রদানের জন্য নিমোক্ত কমিটি গঠন করা হলো।<br>১. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর- আহবায়ক।<br>২. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শ্যামনগর- সদস্য।<br>৩. উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, শ্যামনগর- সদস্য।<br>৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শ্যামনগর, সদস্য।<br>৫. উপজেলা প্রকৌশলী, শ্যামনগর, সদস্য সচিব। | | |
| ০৭ | উপজেলা পরিষদের ০২জন অফিস সহায়ক নিয়োগ সংক্রান্ত। | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, শ্যামনগর উপজেলা পরিষদের দৈনিক মজুরীভুক্ত অফিস সহায়ক ০১. জনাব মোঃ আছির উদ্দীন সরদার, পিতা- অহেদ আলী সরদার, মাতা- নিছা বিবি, গ্রাম- রঘুনাথপুর, ডাকঘর- রঘুনাথপুর, উপজেলা- কালিগঞ্জ, জেলা- সাতক্ষীরা এবং ০২. জনাব সন্দীপ কুমার মৃধা, পিতা- চন্দ্র কান্ত মৃধা, মাতা- গীতা রানী মৃধা, গ্রাম- পূর্ব কালিনগর, মুন্সিগঞ্জ, ডাকঘর- পূর্ব মুন্সিগঞ্জ, উপজেলা-শ্যামনগর, জেলা- সাতক্ষীরা। তাদের চাকুরী উপজেলা পরিষদের জন্য রাজস্ব খাতে সৃজিত পদে নিয়োগের জন্য মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১০৯৯৬/১৪ মামলা দায়ের করে জয়লাভ করেন। সরকার উক্ত আদেশের বিরুদ্ধে সিভিল রিভিউ পিটিশন নং ১১৮৩/১৮ মামলা দায়ের করেন। উক্ত মামলায় সরকার পক্ষ পরাজয় বরন করেন এবং বাংলাদেশ সুপ্রিম কোর্ট, আপিল বিভাগে সিভিল রিভিউ ৫৮২/১৮ নং মামলা দায়ের করলে ১২৮ দিন রিভিউ মামলা দায়ের করতে বিলম্ব হওয়ায় রিভিউ পিটিশন খারিজ হয়। বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগে সিভিল রিভিউ ৫৮২/১৮ নম্বর মামলা ডিসমিস হয়। এবিষয়ে স্থানীয় সরকার বিভাগের স্মারক নং ৪৬.০৪৬.০১৮.০০.০০.০৩৪.২০১৮-৩১৮, তারিখ ০৫/০৫/২০১৯ মুলে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপিল বিভাগে সিভিল রিভিউ ৫৮২/১৮ নম্বর মামলায় ঘোষিত ১৪/০২/২০১৯ তারিখের | সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার গত ইং ০৫/০৫/২০১৯ খ্রিঃ তারিখের ৪৬.০৪৬.০১৮.০০.০০. ০৩৪.২০১৮-৩১৮ নং পত্রের নির্দেশনা মোতাবেক শ্যামনগর উপজেলা পরিষদের দৈনিক মজুরীভুক্ত অফিস সহায়ক ০১. জনাব মোঃ আছির উদ্দীন সরদার, পিতা- অহেদ আলী সরদার, মাতা- নিছা বিবি, গ্রাম- রঘুনাথপুর, ডাকঘর- রঘুনাথপুর, উপজেলা- কালিগঞ্জ, জেলা- সাতক্ষীরা এবং ০২. জনাব সন্দীপ কুমার মৃধা, পিতা- চন্দ্র কান্ত মৃধা, মাতা- গীতা রানী মৃধা, গ্রাম- পূর্ব কালিনগর, মুন্সিগঞ্জ, ডাকঘর- পূর্ব মুন্সিগঞ্জ, উপজেলা-শ্যামনগর, জেলা- সাতক্ষীরাকে উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা ২০১০ (এস.আর.ও নং ৩৮৭-আইন/২০১০) ও এতদসংক্রান্ত বিদ্যামান সকল পরিপত্র/নীতিমালা/ সার্কুলার/ বিধি বিধান যথাযথভাবে অনুসরণ নিশ্চিত পূর্বক স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার গত ১৪ আগষ্ট ২০১৪ খ্রিঃ তারিখের ৪৬.০৪৬.০১১.০০.০০.০০৪. ২০১৪-৭৫১ নং পত্রের আলোকে শ্যামনগর উপজেলা পরিষদের জন্য রাজস্বখাতে সৃজিত অফিস সহায়ক পদে অস্থায়ীভাবে নিয়োগ প্রদানের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো এবং তাদের যোগদানের পূর্বদিন হতে উপজেলা পরিষদের দৈনিক মজুরী ভিত্তিক অফিস সহায়ক পদ বিলুপ্ত হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। এবিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আদেশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করেছেন। | উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | |
| ০৮ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | ১। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পে সক্ষমতাবৃদ্ধিমূলক উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট দপ্তর হতে সক্ষমতাবৃদ্ধিমূলক উপ-প্রকল্পের প্রস্তাবনা প্রেরনের জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে অনুরোধ করেন। এছাড়া অবকাঠামো উন্নয়ন প্রকল্পের কাজ দ্রুত শুরু হবে মর্মে উপজেলা প্রকৌশলী সভাকে জানান। | | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ০৯ | ইনোভেশন | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় বলেন যে, উপজেলা পরিষদের সকল দপ্তরে কর্মকর্তাদের উপজেলা পরিষদের অর্থায়নে আধুনিক অর্নারবোর্ড নির্মান করে দেওয়া যায়কিনা। উপজেলা পরিষদের সকল অফিসে কর্মকর্তাদের জন্য আধুনিক অর্নারবোর্ড প্রদানের জন্য সভায় মতামত প্রদান করেন। | সকল দপ্তরে উপজেলা পরিষদের অর্থায়নে কর্মকর্তাদের জন্য অর্নারবোর্ড প্রদানের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় এবং এবিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১০ | একটি বাড়ী একটি খামার | সমন্বয়কারী, একটি বাড়ী একটি খামার, শ্যামনগর বলেন যে, একটি বাড়ী একটি খামার অফিসের সামনের জায়গা নিচু হওয়ায় বর্ষা মৌসুমে পানি জমে চলাচলের সম্পন্ন অনপুযোগী হয়ে পড়ে। এছাড়া অফিসের সম্মুখে একটি গেট নির্মানের প্রয়োজনীয়তা উল্লেখ করে চেয়ারম্যান,উপজেলা পরিষদের দৃষ্টি আকর্ষন করেন। | উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে অনুরোধ করা হয়। | সমন্বয়ক, একটি বাড়ী একটি খামার |
| ১১ | নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, নিয়মিত উপজেলার বিভিন্ন মোকামে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হচ্ছে। সংশ্লিষ্ট বাজার কমিটির সভাপতি, সেক্রেটারীকে নিয়মিত বাজার পরিদর্শনের জন্য অনুরোধ করা হয়। | ভ্রাম্যমান আদালত নিয়মিত পরিচালনা এবং বাজার কমিটির সভাপতি এবং সেক্রেটারীকে নিয়মিত বাজার পরিদর্শন এবং বাজার তদারকী করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ১২ | উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজের আলোচনা | **উপজেলা প্রকৌশলীর দপ্তর ঃ** উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। চলতি অর্থ বছরের সকল কাজ নির্ধারিত সময়ের পূর্বে শেষ হবে মর্মে সভায় মতামত প্রদান করেন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা কৃষি অফিস ঃ** উপজেলা কৃষি অফিসার সভায় বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

**উপজেলা মৎস্য অফিস ঃ** সিনিয়র উপজেলা মৎস্য অফিসার বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় মে'১৮ মাসের অগ্রগতি প্রতিবেদন ছক উপস্থাপন করেন-

| উপজেলার নাম | বিবরণ | প্রদর্শনী খামার স্থাপন (হে.) | মৎস্য আবাসস্থল উন্নয়ন (হে.) | বিল নার্সারি স্থাপন (হে.) | উন্মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ (মে.টন) | মৎস্য চাষি/মৎস্যজীবি ও উদ্যোক্তাকে পরামর্শ প্রদান ও মৎস্য খামার | মৎস্য হ্যাচারী নিবন্ধন ও নবায়ন | মৎস্য খাদ্যমান পরীক্ষা | মাছের অভয়াশ্রম ব্যবস্থাপনা (টি) | মৎস্য সম্পদ উন্নয়নে আইন বাস্তবায়ন (টি) | জলবায়ু সহনশীল মৎস্য চাষ প্রযুক্তি সম্প্রসারণ | মৎস্য আবাসস্থল উন্নয়ন ও ব্যবস্থাপনায় জড়িত | মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টি (সংখ্যা) | মৎস্যচাষী, মৎস্যজীবি ও অন্যান্য সফলভোগীদের প্রশিক্ষণ | রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণে পরিদর্শন ও |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| শ্যামনগর | লক্ষ্যমাত্রা | ১.০০ | ০.০০ | ০.০০ | ০.৪৫ | ৪৫০ | ৫ | ৫ | ০ | ৩৫ | ১ | ১৬০ | ০.০০ | ২০০ | ২০ |
| | অর্জন | - | - | - | - | ৩৬ | - | - | - | ২ | - | - | - | ২৫ | ২ |
| | ক্রমপুঞ্জিত | ১.০৬ | - | - | ০.৪৫ | ৪৫৩ | ৭ | ৫ | - | ৩৫ | ১ | ১৬২ | - | ২১০ | ২০ |

**বি.দ্র.- অর্জন বলতে প্রতিবেদনাধীন মাসের অর্জন এবং ক্রমপুঞ্জিত অর্জন বলতে অর্থ বছরের শুরু হতে প্রতিবেদনাধীন মাস পর্যন্ত মোট অর্জন বুঝাবে।**

২. যেসকল জেলেদের এখনো কার্ড হয়নি বা তালিকাভুক্ত হয়নি। তাদের জন্য কার্ড করা হবে। হালনাগাদের সময় সকল জেলেদের নাম অন্তর্ভূক্ত করা হবে। বন বিভাগ হতে বিএলসির তালিকা সংগ্রহ করা হলে ভাল হয়।

৩. উপজেলা পরিষদের অভ্যন্তরে যেসকল কর্মকর্তার বাসভবন রয়েছে, সেগুলির কোন না কোনটায় প্রতিদেন সাপ উঠছে এবং ছাদের পলেস্তার খসে পড়ছে। মেরামতের জন্য অনুরোধ করেন।

৪. উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়ের অফিস কক্ষ আবাসিক এলাকায় হওয়ায় ক্যাম্পাসের মধ্যে সাধারন জনগনের ব্যাপক সমাগম হচ্ছে। যদি ভাইস চেয়ারম্যান মহোদয়দ্বয়ের অফিস কক্ষ অন্যত্র স্থানান্তর করা সম্ভব হয়, সেটি করার জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষন করেন।

| | | | | |
|---|---|---|---|---|
| | | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, হাসপাতালের ড্রেনেজ ব্যবস্থা খুবই খারাপ। বর্ষা মৌসুমে পানি জমে হাসপাতাল চত্বর দূগন্ধ হয়ে যায়।<br>২. চিংড়াখালী কমিউনিটি ক্লিনিক মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান সভায় মতামত প্রদান করেন। | উপজেলা প্রকৌশলীকে সরেজমিনে পরিদর্শন পূর্বক আগামী মাসিক সভায় এবিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়। | |
| | | **উপজেলা প্রাণীসম্পদ অফিস ঃ** উপজেলা প্রাণীসম্পদ অফিসার বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | |
| | | **উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। ইজিপিপি কাজ শেষ পর্যায়ে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, প্রতিটি ইউনিয়নে একটি করে মাধ্যমিক বিদ্যালয়ে ডিজিটাল হাজিরা স্থাপন করা যেতে পারে। উপজেলা পরিষদের অর্থায়নে প্রকল্প গ্রহনের জন্য মতামত প্রদান করেন। | সংশ্লিষ্ট কমিটি হতে প্রস্তাবনা এবং বর্নিত বিষয়ের প্রয়োজনীয়তা উল্লেখ পূর্বক মাসিক সভায় সুপারিশ উত্থাপনের জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, বঙ্গবন্ধু ও বঙ্গমাতা বেগম ফজিলতুন্নেচ্ছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ইউনিয় পর্যায়ে ইতোমধ্যে শেষ হয়েছে। উপজেলা পর্যায়ে খেলার জন্য সকল ইউপি চেয়ারম্যান এবং সকল কর্মকর্তাদের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে-<br>প্রতিবন্ধী স্কুলের শিক্ষার্থীদের সর্বাত্মক সহযোগিতার জন্য উপজেলা সমাজসেবা অফিসে যোগাযোগ করার জন্য সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করেন এবং বাল্যবিবাহ সংক্রান্ত যেকোন অভিযোগের জন্য ১০৯৮ এই নম্বরে ফোন করার জন্য অনুরোধ করেন। | সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ** উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস ঃ** দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |
| | | **উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে।। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজের আলোচনা | **উপজেলা সামাজিক বনবিভাগ অফিস ঃ** উপজেলা সামাজিক বন বিভাগ কর্মকর্তা বলেন যে, উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান, রাস্তা এবং অন্যান্য স্থানে বৃক্ষরোপন করা হয়েছে। কিন্তু সঠিক পরিচর্যা এবং রক্ষনাবেক্ষনের অভাবে অনেক গাছ মারা যাচ্ছে। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে রোপিত চারার পরিচর্যা এবং তদারকি করার জন্য অনুরোধ করেন। | রোপিত চারার পরিচর্যা এবং রক্ষনাবেক্ষনের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। | |
| | | **উপজেলা নির্বাচন অফিস ঃ** উপজেলা নির্বাচন অফিসার বলেন যে, দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস ঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় তার দপ্তরের উন্নয়নমূলক কর্মকান্ড উপস্থাপন করেন- (নিচের সারণি) | | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার। |

| সমিতি/ দল সংখ্যা | সদস্য | | ঋণ বিতরণ (আইজিএ ভিত্তিক) (লক্ষ টাকা) | | আদায়ের হার | মেয়াদোর্ত্তণ খেলাপী (লক্ষ টাকা) | প্রশিক্ষণ | | অবকাঠামো স্কীম | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পুরুষ | মহিলা | লক্ষ্যমাত্রা | অর্জন | | | পুরষ | মহিলা | লক্ষ্যমাত্রা | অর্জন |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ২৩৬ | ৫৩৮৬ | ২১৪৬ | ১৩৫৩.৪০ | ১২৭৪.৩৯ | ৯৯% | ৩.৭৫ | ১৩৩০ | ৬৩৮ | ৯ | ৫ |

**উপজেলা সমবায় অফিস ঃ** উপজেলা সমবায় অফিসার সভায় তার দপ্তরের উন্নয়নমূলক কর্মকান্ড উপস্থাপন করেন-

| সমিতি | প্রশিক্ষণ প্রদান | | ২০১৭-১৮ নিরীক্ষা যোগ্য সমিতি | | নিরীক্ষা সম্পাদন | | সরকারী রাজস্ব অডিট ফি ও সিডিএফ ধার্য | সমিতির নিজস্ব তহবিল বিনিয়োগ (লক্ষ) | আদায় ও ট্রেজারী | সদস্যদের লভ্যংশ প্রদান (লক্ষ) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পুঃ | মঃ | কেন্দ্র | প্রাথঃ | কেন্দ্র | প্রাথঃ | | | | |
| ২৩১ | ১২৫ | ১৩৫ | ১ | ২১৩ | ০১ | ২১৩ | ২৭৩৮৮০<br>১৮৫৪০০ | ৪৫৪৯.৭০ | ১০০%<br>১০০% | শেঃ ২২.২৮ সঞ্চয় ৯২.৮১ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **উপজেলা পরিসংখ্যান অফিস ঃ** বাংলাদেশ পরিসংখ্যান বুরোর ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ প্রকল্পের আওতায় ইতোমধ্যে ৭৫% গণনা কাজ শেষ হয়েছে। যদি কোন খানা বাদ পড়ে সেক্ষেত্রে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান উপজেলা পরিসংখ্যান দপ্তরে যোগাযোগ করলে খানার নাম অর্ন্তভূক্ত করা হবে মর্মে তিনি সভাকে জানান। | বিস্তারিত আলোচনা শেষে শুমারি কার্যক্রমে সহায়তা করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ১৩ | World Vision Bangladesh কর্তৃক নবযাত্রা কর্মসূচী | সংশ্লিষ্ট কর্মকর্তা, World Vision, শ্যামনগর শাখা সভায় জানান যে, গত ১৮ মার্চ ২০১৯ শ্যামনগর উপজেলা শাখা World Vision অফিসে আগুন লেগে প্রচুর ক্ষতিসাধন হয়। World Vision অনেক সম্পত্তি পুড়ে ছাই হয়ে যায়। শ্যামনগর উপজেলায় একটি ফায়ার সার্ভিস স্টেশন করার জন্য সভায় মতামত প্রদান করেন। | শ্যামনগর উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন নির্মানের কাজ চলমান আছে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

**বিবিধ আলোচনা**

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর সভায় বলেন যে, বর্তমান সরকার জনগনের দোড় গোড়ায় সেবা প্রদানের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। কোন দপ্তরে সাধারন জনগন সেবা নিতে এসে যেন হয়রানির শিকার না হয়, সেদিকে খেয়াল রাখতে হবে। একটি আধুনিক উপজেলা পরিষদ গঠনের জন্য তিনি উপজেলা পরিষদের সকল সদস্যের আন্তরিকতা ও সহযোগিতা কামনা করেন। উপজেলা পরিষদের বিদ্যমান আইন, পরিপত্র অনুসরন পূর্বক সকল কাজ সম্পাদন করার জন্য সকল সদস্যদের অনুরোধ করেন।

০২। চেয়ারম্যান, নূরনগর ইউপি সভায় বলেন যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে অনেক অবৈধ স্থাপনা আছে। সেগুলি অপসারন পূর্বক সরকারী সম্পত্তি দখল মুক্ত করার জন্য উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষন করেন।

০৩। চেয়ারম্যান, বুড়িগোয়ালিনী ইউপি সভায় বলেন যে,

১. বুড়িগোয়ালিনী ইউপি হতে দূর্গাবাটি রাস্তার কাজ এখনও শেষ হয়নি, দ্রুত শেষ করার জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষন করেন।
২. বর্ষা মৌসুমে প্লাবিত হওয়ার আশংখা থাকায় পানি উন্নয়ন বোর্ডের ঝুকিপূর্ন্ন এলাকা মেরামত করা প্রয়োজন।
৩. ৩৫ নং ভামিয়া পোড়াকাটলা ও সেন্ট্রাল আবাদচন্ডিপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় ঝুকিপূর্ন ভবন অপসারন করা প্রয়োজন।
৪. ত্রান ও দূর্যোগ অধিদপ্তর হতে নির্মানাধীণ ব্রীজের হাতলে মাটি না দেওয়া এবং রং ঠিকমত হচ্ছেনা।
৫. সমাজসেবা অধিদপ্তর হতে বিভিন্ন ভাতা প্রদানে আরও সহজ করার বিষয়ে মতামত প্রদান করেন। ভাতাভোগীদের শ্যামনগর আসতে কষ্ট হয়।

**সিদ্ধান্ত** ঃ বর্নিত আলোচনার আলোকে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সংশ্লিষ্ট বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়।

০৪। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সরকারী উন্নয়নমূলক কাজ পরিদর্শন, সরকারী বেসরকারী বিভিন্ন সভা সমাবেশে অংশগ্রহন এবং মতবিনিময় সভায় অংশগ্রহন করে থাকেন এবং এজন্য সরকারী নিয়ম মোতাবেক দৈনিকভাতা প্রাপ্ত হয়ে থাকেন। উপজেলা চেয়ারম্যান ২০১৯খ্রিঃ'র মে মাস ১৪ দিন এবং উপজেলা ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান ২০১৯ খ্রিঃ'র মে মাস ১০ দিনের ভ্রমন বৃত্তান্ত এবং ২০১৯খ্রিঃ'র জন মাসের সম্ভাব্য ভ্রমনসূচী দাখিল করেছেন যা উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন প্রয়োজন। তিনি এ বিষয়ে উপস্থিত সবার মতামত আহবান করেন।

**সিদ্ধান্ত** ঃ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ২০১৯খ্রিঃ'র জুন মাসের উপজেলা পরিষদের চেয়ারম্যান, উপজেলা ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যানের ভ্রমন বৃত্তান্ত অনুমোদন গৃহিত হলো। উপজেলা চেয়ারম্যান ১৪ দিনের ৬২৫/- টাকা হারে ৮৭৫০/- টাকা , ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যানের ১০+১০=২০ দিনের ৫০০ টাকা হারে মোট ১০,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মিটানোর জন্য সর্ব্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়।

অতঃপর সভাপতি উপস্থিত সকলকে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করার আহ্বান জানিয়ে সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এস.এম.আতাউল হক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্যামনগর, সাতক্ষীরা
ফোন -০৪৭২৬-৪৪২০০
upazilaporishad.shyam@gmail.com

স্মারক নং- ০৫.১৫.৮৭৮৬.০০৬.০২.০০৯.১৬- (৫০) তারিখ ঃ ২৫.০৬.২০১৯ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ**

০১। জনাব এস.এম জগলুল হায়দার, মাননীয় সংসদ সদস্য, সাতক্ষীরা-০৪।

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, খুলনা।

০৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ**

০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

০৬। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, শ্যামনমগর, সাতক্ষীরা।

০৭। উপজেলা ......................................................অফিসার,শ্যামনগর।

০৮। চেয়ারম্যান,.............................................ইউ,পি(সকল),শ্যামনগর।

০৯। লীড অর্গানাইজেশন, “নবযাত্রা” প্রকল্প।

১০। জনাব .........................................................................................

১১। অফিস কপি ।

(মোঃ কামরুজজামান)
উপজেলা নির্বাহী অফিসার
শ্যামনগর, সাতক্ষীরা
ফোন -০৪৭২৬-৪৪০০৪
ফ্যাক্স-০৪৭২৬-৪৪২২৬
unoshyamnagar14@gmail.com